

৩২ ফিফথ

স্কাউটিংয়ের সর্বোচ্চ পদক পেলেন ড. ইউনুস

গাজীপুর প্রতিনিধি

শান্তিতে নোবেল জয়ী ড. মুহাম্মদ ইউনুসকে স্কাউটিংয়ের সর্বোচ্চ অ্যাওয়ার্ড রৌপ্য ব্যাজ দেয়া হয়েছে। বাংলাদেশে শান্তি প্রসঙ্গে অসামান্য অবদান এবং দেশে স্কাউটিংয়ের সম্প্রসারণ ও উন্নয়নে অবদানের স্বীকৃতিরূপে গত বৃহস্পতিবার গাজীপুরে অনুষ্ঠিত বাংলাদেশ স্কাউটসের জাতীয় কাউন্সিলের ৩৫তম কার্যকর সভায় তাকে এই পদক দেয়া হয়।

বাংলাদেশ স্কাউটসের অ্যাওয়ার্ড প্রাপ্তদের সাইটে-শনে করা হয়, ড. মুহাম্মদ ইউনুস নোবেল প্যাওয়ার্ড আগে দেশ-বিদেশের বিভিন্ন সংস্থা থেকে ৬৩টি অ্যাওয়ার্ড পান। তিনি আন্তর্জাতিক পর্যায়ে ২৭টি সম্মানসূচক ডিগ্রি লাভ করেন এবং ১৮টি বিশেষ সম্মানে

স্কাউটিংয়ের সর্বোচ্চ পদক

(শেষ পৃষ্ঠার পর)

ভূষিত হন, যার ১৬টিই আন্তর্জাতিক পর্যায়ের।

ড. ইউনুস ছাত্র জীবনের শুরু থেকেই স্কাউটিংয়ের সঙ্গে জড়িত ছিলেন। ঠাণ্ডা চট্টগ্রামের হাটহাজারী উপজেলার মহাকুল ফকিরের স্কুলে প্রাথমিক শিক্ষা শেষে চট্টগ্রাম কলেজিয়েট স্কুলে ভর্তি হন এবং সন্তম শ্রেণীর ছাত্র থাকাকালে স্কাউটিংয়ে যোগ দেন।

কৃষী স্কাউট হিসেবে তিনি ১৯৫২ সালে পাকিস্তানের করাচিতে জাতীয় জায়গিতে

অংশ নেন। ১৯৫৫ সালে কানাডার নায়াগাতে অনুষ্ঠিত অষ্টম বিশ্ব স্কাউট জায়গিতেও তিনি অংশ নেন। এ সুবাদে তিনি নিউ ইয়র্ক, লন্ডন, নেদারল্যান্ডস, যুগোস্লাভিয়া, জার্মানি, পোল্যান্ড, অস্ট্রিয়া, পুস, টার্কি, লেবানন, সিরিয়া, ইনডিয়া ভ্রমণ করেন। ড. মুহাম্মদ ইউনুস জীবনের প্রতিটি মুহুর্তে মানব সম্পদ উন্নয়নে স্কাউটিংকে গুরুত্ব দিয়েছেন। আর এ জন্যই তাকে স্কাউটিংয়ের সর্বোচ্চ অ্যাওয়ার্ড রৌপ্য ব্যাজ পদকে ভূষিত করা হয়েছে।